গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
সাধারণ শাখা
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০০৬.৯৯.০০০১.২৪.১৮৯

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন প্রসংগে।**

সূত্র: বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস) এর স্মারক নং-৩৭.২০.০০০০.০০৩.৩৫. ১২৪.২৬/৭৮৪(১)তারিখঃ ১৭/৯/২০২৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস) পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর আওতায় ০১ অক্টোবর ২০২৬ থেকে ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত সময়ে দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যসংগ্রহ কার্যক্রম online Software এর মাধ্যমে সারা দেশে একযোগে পরিচালিত হবে। শিক্ষা জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ করে ব্যানবেইস প্রতি বছর Bangladesh Education Statistics শিরোনামে প্রতিবেদন প্রকাশ করে। উক্ত প্রতিবেদনে উপস্থাপিত তথ্যের ভিত্তিতে শিক্ষাখাতের মানোন্নয়ন এবং সম্পসারণের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা,নীতি-কৌশল প্রণয়নসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়।

২। ব্যানবেইস কর্তৃক পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এ ব্যানবেইস সার্ভারে তথ্য প্রদানের বিষয়টি মনিটরিং করার লক্ষ্যে অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালকগণ স্ব-স্ব অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৬-১০-২০২৬
মোঃ জয়নাল আবেদীন
পরিচালক

পরিচালক আঞ্চলিক পরিচিালকের কার্যালয় (সকল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০০৬.৯৯.০০০১.২৪.১৮৯/১ (৭)

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রফেসর রুনা নাছরীন, চীফ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস), ১ জহির রায়হান সড়ক(পলাশী-নীলক্ষেত)।
৫। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৬-১০-২০২৬
মো: মাহবুবুর রহমান
সহকারী পরিচালক